



সংবাদ বিজ্ঞপ্তি  
২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের  
ডিগ্রি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ

১০ মে, ২০২৩

২৫.০৫.২৩  
আ. হা. ম. স.  
আবদুল মান্নান সরকারি কর্মসূচি  
খুলনা।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এক বা একাধিক কোর্সে F গ্রেডপ্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে, তাদের শর্তসাপেক্ষে বিশেষ বিবেচনায় ফরম পূরণের সুযোগ প্রদান করা হয়েছে।

শর্তগুলোর মধ্যে রয়েছে- ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেডপ্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫ হাজার টাকা ফি প্রদান করে শুধু ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোনো প্রয়োজন হবে না।

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd](http://www.nu.ac.bd)) পাওয়া যাবে।

বার্তা প্রেরক

মো. আতাউর রহমান  
পরিচালক  
জনসংযোগ দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়